গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০২৮.০২৭.০০.০০.০০৩.২০১১-১৮৫

তারিখ : ১০ নভেম্বর ২০১৪ / ২৬ কার্তিক ১৪২১

# প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ নুরুজ্জামান শেখ (পরিচিতি নম্বর-১০২০৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃ দাঃ), এনভায়রনমেন্ট বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা, কুড়িগ্রাম সড়ক বিভাগে উপ-সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন ধরলা সেতু নির্মাণ কাজে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ না করে অতিরিক্ত (৪২,৯৫০.০৯১-৪০,৫০০.০০) = ২৪৫০.০৯১ ঘনমিটার বোল্ডারের সরবরাহ গ্রহণ করেন;

এবং

যেহেতু, আপনি অতিরিক্ত বোল্ডার পরিমাপ বহিতে লিপিবদ্ধকরত: ঠিকাদারকে প্রতি ঘনমিটার ৩,০০০/- টাকা হিসাবে (২৪৫০.০৯১×৩০০০)=৭৩,৫০,২৭৩/- (তিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার দুইশত তিয়াত্তর) টাকা অতিরিক্ত পরিশোধের জন্য বিল প্রত্যয়ন করেন;

এবং

যেহেতু, আপনি ঠিকাদারের সাথে যোগসাজশে সরকারের ৭৩,৫০,২৭৩/- (তিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার দুইশত তিয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি সাধন ও দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শন করেন;

এবং

যেহেতু, অতিরিক্ত বোল্ডারের সরবরাহ গ্রহণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকায় পরবর্তিতে অডিট আপত্তি উত্থাপিত হয় এবং বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০০৫-২০০৬ এর খসড়া অডিট আপত্তি অনুচ্ছেদ নম্বর-১ হিসাবে অন্তর্ভুক্ত হয়;

এবং

যেহেতু, উত্থাপিত অডিট আপত্তিটি নবম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪ নম্বর সাব কমিটির ২৩-০৯-২০১৩ তারিখে অনুষ্ঠিত ৭২তম সভায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অতিরিক্ত বোল্ডারের সরবরাহ গ্রহণকারী হিসেবে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ এবং ৩(ডি) বিধি অনুযায়ী দুর্নীতিপরায়ণতার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা লিখিত জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হয় ;

এবং

যেহেতু, আপনি গত ০৩.০৪.২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২৬.০৫.২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু আপনার লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আব্দুল হামিদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

*চলমান পাতা-২*

এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তাঁর তদন্ত প্রতিবেদনে সুস্পষ্টভাবে অভিমত ব্যক্ত করেছেন যে, আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ না করে অতিরিক্ত ২৪৫০.০৯১ ঘনমিটার বোল্ডারের সরবরাহ গ্রহণ করেছেন এবং এ বোল্ডারের মূল্য বাবদ ৭৩,৫০,২৭৩/- (তিয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার দুইশত তিয়াত্তর) টাকা পরিশোধের নিমিত্ত বিলে প্রত্যয়ন করেছেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখিত উভয় ক্ষেত্রে আপনাকে দোষী সাব্যস্থ্য করা হয়েছে;

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদনের মতামত এবং আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণ অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং

সেহেতু, এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ নুরুজ্জামান শেখ (পরিচিতি নম্বর-১০২০৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ: দা:), এনভায়রনমেন্ট বিভাগ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা (প্রাক্তন উপ-সহকারী প্রকৌশলী, সড়ক বিভাগ, কুড়িগ্রাম)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী লঘুদন্ড হিসেবে ২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হতে ২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে বেতন নির্ধারণে এ ইনক্রিমেন্ট ২(দুই)টি আপনি কখনো প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২০.১০.২০১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০২৮.০২৭.০০.০০.০০৩.২০১১-১৮৫/১(১৪)

তারিখ : ১০ নভেম্বর ২০১৪
২৬ কার্তিক ১৪২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u> :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল**)।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল**)।
১০. যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল**)।
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল**)।
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. জনাব মোঃ নুরুজ্জামান শেখ (পরিচিতি নম্বর-১০২০৩০), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ), এনভায়রনমেন্ট বিভাগ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২০.১১.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯